

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৩.১৯.৮৮

তারিখ: ২৫ চৈত্র ১৪২৫

০৮ এপ্রিল ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

জনাব জনাব মিলন কুমার চৌধুরী, মাঠসহকারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, মণিরামপুর, যশোর তার দায়িত্বপ্রাপ্ত নেহালপুর ইউনিয়নের বিভিন্ন সমিতির সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণের কিস্তিবাদ আদায়কৃত ৯,৩৯,৭৯০/- (নয় লক্ষ সাতশত নব্বই) আশ্রমসাং করেছেন এবং বিভিন্ন সমিতির ২৪৩ টি পাশ বই অফিসে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলেও তিনি তা জমা প্রদান করেননি মর্মে উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর লিখিতভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, আর্থিক অনিয়ম এবং দুর্নীতির শামিল। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর এর কার্যালয়ে সংযুক্ত করা হলো। একইসাথে আশ্রমসাংকৃত ৯,৩৯,৭৯০/- (নয় লক্ষ সাতশত নব্বই) টাকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

৩. সরকারি অর্থ আশ্রমসাংয়ের কারণে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪. আশ্রমসাংকৃত অর্থ আদায়পূর্বক যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর-কে অনুরোধ করা হলো। উক্ত অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে অভিযুক্ত জনাব মিলন কুমার চৌধুরীর বিরুদ্ধে দুর্নীতি দমন আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করার অনুমতি প্রদান করা হলো।



৮-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব মিলন কুমার চৌধুরী, মাঠসহকারী
মণিরামপুর, যশোর।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৩.১৯.৮৮/১(৮)

তারিখ: ২৫ চৈত্র ১৪২৫

০৮ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, যশোর।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর।
- ৪) প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

- ৫) জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, যশোর।
৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মণিরামপুর, যশোর।
৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মণিরামপুর, যশোর।
৮) উপজেলা সমন্বয়কারী, মণিরামপুর, যশোর।



৮-৪-২০১৯

আকবর হোসেন
প্রকল্প পরিচালক